19 – 25 August, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) * ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৩৩ সাপ্তাহিক ১৯ - ২৫ আগস্ট, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ২০ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'ডব্লুবিসিএস প্রিলিমিনারি' পরীক্ষার স্পেশাল মডেল সেট-৪ এর সম্পূর্ণ প্রশ্নোত্তর
❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

ইউনিয়ন ব্যাঙ্কে ৩৪৭ অফিসার

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া স্পেশালিস্ট অফিসার শাখায় সিনিয়র ম্যানেজার, ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৩৪৭ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন করতে হবে ৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে। নির্বাচিত প্রার্থীদের সংস্থার হেড অফিস মুম্বাইসহ দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত তাদের অফিসে কাজ করতে পাঠানো হবে।

স্নাতক যোগ্যতা থেকে শুরু

▸ **শূন্যপদ :** *১) সিনিয়র ম্যানেজার (রিস্ক)* শাখায় শূন্যপদ ৬০টি (অসংরক্ষিত ১৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬, ওবিসি ২২, এসটি ১১ ও এসসি ৬)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *২) ম্যানেজার (রিস্ক)* শাখায় শূন্যপদ ৬০টি (অসংরক্ষিত ২৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬, ওবিসি ১৪, এসটি ৭ ও এসসি ৭)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত। *৩) ম্যানেজার (সিভিল ইঞ্জিনিয়ার)* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১, এসটি ১ ও এসসি ১)। *৪) ম্যানেজার (আর্কিটেক্ট)* শাখায় শূন্যপদ ৭টি (অসংরক্ষিত ৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১, এসটি ১ ও এসসি ১)। *৫) ম্যানেজার (ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার)* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১)। *৬) ম্যানেজার (প্রিন্টিং টেকনোলজিস্ট)* শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। *৭) ম্যানেজার (ফোরেন্স)* শাখায় শূন্যপদ ৫০টি (অসংরক্ষিত ২২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, ওবিসি ১২, এসটি ৬ ও এসসি ৫)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ২টি শূন্যপদ

এরপর ২ পাতায়

ইউপিএসসিতে ১৫১

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন একটি স্পেশাল রিক্রুটমেন্ট অ্যাডভার্টাইজমেন্ট প্রকাশ করেছে (বিজ্ঞপ্তি নম্বর ৫৫/২০২১)। যেখানে ১৫১টি শূন্যপদে ডেপুটি ডিরেক্টর নিয়োগের কথা বলা হয়েছে। প্রার্থীদের নিয়োগ করা হবে মিনিস্ট্রি অফ লেবার অ্যান্ড এমপ্লয়মেন্টের অধীনস্থ এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশনে। এরমধ্যে অসংরক্ষিত ৬৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৫, ওবিসি ৩৮, এসটি ৯ ও এসসি শাখার জন্য ২৩টি শূন্যপদ সংরক্ষিত আছে। বয়সসীমা ৩৫ বছরের মধ্যে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে।

স্নাতক যোগ্যতায়

অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অ্যাডমিনিস্ট্রেশন/অ্যাকাউন্টস/মার্কেটিং/পাবলিক রিলেশন/ইন্সিওরেন্স/রেভেনিউ ট্যাক্স ইত্যাদি ট্যাক্স সংক্রান্ত কাজে। আবেদন

এরপর ২ পাতায়

ন্যাশনাল টেস্টিং এজেন্সির মাধ্যমে

ইউজিসি নেটের বিজ্ঞপ্তি প্রকাশিত

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও জুনিয়র রিসার্চ ফেলো পদে নিয়োগ। পরীক্ষা শুরু ৬-১১ অক্টোবর, ২০২১

ন্যাশনাল টেস্টিং এজেন্সি 'ইউজিসি নেট ২০২১' সালের জুন মাসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল যেটি পরবর্তীতে আবেদনগ্রহণ বন্ধ করে দেয় কার্যত লকডাউনের কারণে। এই মাসে পুনরায় আবেদনগ্রহণ শুরু হয়েছে ১০ আগস্ট থেকে, চলবে ৫ সেপ্টেম্বর রাত্রি ১১টা ৫০ পর্যন্ত অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও জুনিয়র রিসার্চ ফেলোশিপ পদে প্রার্থী নিয়োগের জন্য। ইউজিসি নেটের মাধ্যমে মিনিস্ট্রি অফ সোশ্যাল জাস্টিস অ্যান্ড এমপাওয়ারমেন্ট

এরপর ৩ পাতায়

ভারতীয় সেনায় ৪০

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

ভারতীয় সেনায় ১৩৪তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সের মাধ্যমে দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে পার্মানেন্ট কমিশনে ৪০ জন অবিবাহিত পুরুষ প্রার্থীকে নিয়োগ করা হবে। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ শুরু হবে ২০২২ সালের জানুয়ারি মাস থেকে। আবেদন করতে হবে ১৫ সেপ্টেম্বর বিকেল ৩টের মধ্যে।

▸ **শূন্যপদ :** ১৭টি ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪০ জন প্রার্থীকে নিয়োগ করা হবে। নীচে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখা অনুযায়ী শূন্যপদগুলি বলা হল– ১) সিভিল/বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজিতে ১০টি, ২) আর্কিটেকচারে ১টি, ৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, ৪) ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩টি, ৫) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/

এরপর ৩ পাতায়

ইন্টেলিজেন্স কমিউনিকেশনে ৫০

ইন্টেলিজেন্স কমিউনিকেশন সিস্টেম ইন্ডিয়া লিমিটেড ৫০টি শূন্যপদে মাল্টি টাস্কিং স্টাফ নিয়োগ করতে চলেছে। প্রার্থীদের কাজ করতে হবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে দিল্লি আর্বান সেন্টার রিক্রুটমেন্ট বোর্ড, জিএনসিটি অফ দিল্লি এবং অন্যান্য কেন্দ্রীয় সরকারি ডিপার্টমেন্টে। নিয়োগ করা হবে সম্পূর্ণ চুক্তিভিত্তিক পদ্ধতিতে। প্রার্থীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ অথবা সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ করতে হবে। বয়সসীমা ১৮-২৫ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। আবেদন করতে হবে ২৩ আগস্ট দুপুর ১২টা থেকে ২৪ আগস্ট দুপুর ১২টার মধ্যে। আবেদনের সময় রেজিস্ট্রেশন ফি লাগবে ১০০০ টাকা। আবেদন করার জন্য www.itsil.in ওয়েবসাইটে career অপশনে গিয়ে। সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়তে ওয়েবসাইট দেখুন

ইনফ্যান্ট্রি স্কুলে ৭৭

প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ইনফ্যান্ট্রি স্কুলে গ্রুপ-সি শাখায় ৭৭টি শূন্যপদে অ্যাকাউন্টান্ট, ড্রাফটসম্যান, লোয়ার ডিভিশন ক্লার্ক, কার্পেন্টার, ট্রান্সপোর্টার, স্টোরকিপার, বুটমেকার, পেন্টার, সিভিলিয়ান মোটর ড্রাইভার, মাল্টি টাস্কিং স্টাফ ইত্যাদি আরও বিভিন্ন পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থীদের নিয়োগ করা হবে কর্ণাটকের বেলগাঁওতে অবস্থিত ইনফ্যান্ট্রি স্কুলে এবং Mhow Station-এ অবস্থিত ইনফ্যান্ট্রি স্কুলে। ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়– To, The Presiding Officer, Civilian Direct Recruitment, Application

এরপর ৩ পাতায়

পাওয়ার গ্রিড কর্পোরেশনে ১৩৭ ইঞ্জিনিয়ার

কেন্দ্রীয় সরকারের শক্তিমন্ত্রকের অধীনস্থ মহারত্ন পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড ১৩৭টি শূন্যপদে ইলেকট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ফিল্ড ইঞ্জিনিয়ার ও ফিল্ড সুপারভাইজার নিয়োগ করতে চলেছে। প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। আবেদন করতে হবে ২৭ আগস্টের মধ্যে। http://www.powergrid.in ওয়েবসাইটে গিয়ে। ফিল্ড ইঞ্জিনিয়ার শাখায় আবেদন ফি ৪০০ টাকা। ফিল্ড সুপারভাইজার শাখায় আবেদন ফি ৩০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের আবেদন ফি লাগবে না।

▸ **বয়সসীমা :** ২৭ আগস্ট, ২০২১

এরপর ২ পাতায়

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে ১৬২

অষ্টম পাশ যোগ্যতা থেকে শুরু

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্ট ইন্ডিয়া লিমিটেড প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে নিউ দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদে ডেন্টাল হাইজেনিস্ট, ওয়ার্কার্স (ফার্মাসি), ফিজিওথেরাপিষ্ট, মেডিক্যাল অফিসার (আয়ুর্বেদ), পঞ্চকর্ম বৈদ্য, গ্যাস মানিয়োগ্ড টেকনিশিয়ান, ওয়ার্ড অ্যাটেন্ডেন্ট, লন্ড্রি সুপারভাইজার, যোগা থেরাপিস্ট, পঞ্চকর্ম অ্যাটেন্ডেন্ট, মিড-ওয়াইফ, স্টাফ নার্স, অ্যাটেন্ডেন্ট ইত্যাদি প্রায় ৪২টি শাখায় ১৬২ জনকে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৭৪। আবেদন করতে হবে ২২ আগস্টের মধ্যে www.becil.com ওয়েবসাইটে

এরপর ২ পাতায়

WBCS

Staff Selection • RAIL • BANK • PSC • School Service • SLST • TET • LIC • Army • Police

WBCS 2022 বিজ্ঞপ্তি শীঘ্রই

গ্র্যাজুয়েশন, উচ্চমাধ্যমিক, মাধ্যমিকের পর বিভিন্ন সরকারি চাকরির নিয়োগপত্রের সুযোগ

WBCS Course Facility ⇨ 18 Months Online Course + Offline ▸ 6 Days Live Classes ▸ Pre-recorded Video Classes as per requirement ▸ Class Test, Weekly Test, Monthly Test, Performance Test, Mock Test, Homework, Quiz

যে সমস্ত সরকারি চাকরিতে শীঘ্রই নিয়োগ

▸ রাজ্য সরকারি স্কুলে প্রায় ৬০০০০ ▸ জিডি কনস্টেবলে ২৫২৭১ ▸ ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক ▸ কলকাতা পুলিশে ৩৩০। যোগ্যতা- মাধ্যমিক থেকে স্নাতক।

কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু

Website : www.gsceindia.org

GSCE অনলাইন

EMI facility available

শিয়ালদহ (Head Office)	: 9674087465 9051040306	শিলিগুড়ি	: 9674087473	কল্যাণী	: 9674087469	পঃ মেদিনীপুর	: 9230056671
কোচবিহার	: 9830277023	কালিম্পং	: 9830277171	ব্যারাকপুর	: 9230056668	বাড়গ্রাম	: 9674087874
আলিপুরদুয়ার	: 9674033336	মালদা	: 9674087472	ডানলপ	: 9230056673	বর্ধমান	: 9674025700
দিনহাটা	: 9830277698	বহরমপুর	: 9674087471	বারাসাত	: 9674087467	বোলপুর	: 9674012025
জলপাইগুড়ি	: 9674025600	কৃষ্ণনগর	: 9674087470	কোন্নগর	: 9230056667	ব্যান্ডেল	: 9230056669
ধূপগুড়ি	: 9830277257	রানাঘাট	: 9674083508	সোনারপুর	: 9674087466	কাটোয়া	: 9830277230

Admission Helpline : 9830277100 / 200 / 300

101 GEORGE TELEGRAPH

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

সম্পাদকীয়

স্বাধীন ভারতের নাগরিক হয়ে আমরা সম্প্রতি ৭৫তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন করলাম। গায়কী সুরে বলতে গেলে বলতে হয়– "কত বিপ্লবী বন্ধুর রক্তে রাঙা, বন্দিশালায় ঐ শিকল ভাঙা/... তারা কি ফিরিবে আর এই সুপ্রভাতে, যত তরুণ-অরুণ গেছে অস্তাচলে।" বার্থক একথা সত্যি যে, কতশত তরুণ হাসে দেশমাতৃকার জন্য দেশপ্রেমে উদ্বেলিত হয়ে স্বেচ্ছায় প্রাণত্যাগ করতে বিন্দুমাত্র কার্পণ্য করেনি। বর্তমান যুগে দাঁড়িয়ে নবীন প্রজন্মের কাছে একথা ভাবা নেহাতই কষ্টকর যে, নিজের বাবা, মা, পরিবার, আত্মীয়স্বজন– সর্বোপরি নিজের কেরিয়ারকে বিসর্জন দিয়ে হাসতে হাসতে শহীদে পরিণত হওয়া, এখনকার নিউক্লিয়ার ফ্যামিলিতে এসব ভাবা নেহাত 'সোনার পাথরবাটি'র মতো। তবে তার জন্য আমরা যে বর্তমান যুবসম্প্রদায়কে দোষারোপ করছি একথা কিন্তু সত্য নয়। সেই সময়ের সন্ধিক্ষণে দাঁড়িয়ে ইংরেজ শাসকদের হাত থেকে দেশকে স্বাধীন করার জন্য স্বদেশি আন্দোলন যুদ্ধ, লড়াই ইত্যাদি অনিবার্যই ছিল। কিন্তু এখনকার পরিস্থিতিতে দাঁড়িয়ে দেশমাতৃকার উন্নতি সাধনের জন্য যুবসম্প্রদায়কে সর্বপ্রথম শিক্ষিত হতে হবে। শিক্ষা, সংস্কার ও মানবিক গুণ– এই তিনটি একজন মানুষের মধ্যে থাকলে তিনি অবশ্যই দেশের উন্নতিসাধনে ব্রতী হতে পারেন। দেশের সরকারি পরিকাঠামোকে মজবুত করতে শিক্ষিত ও কর্মঠ লোকের দরকার যথেষ্টই। তাই সরকারি চাকরিপ্রার্থীদের নিয়মিত পড়াশোনার পাশাপাশি ভালো মানুষ হতেও আমরা সর্বদা বলে থাকি। কোনো এক মনীষির বিখ্যাত উক্তি ছিল, প্রত্যেকের উচিত নিজের দেশকে নিজের পরিবার মনে করা। পরিবারে যেমন মা-বাবা-ভাই-বোন কারোর ক্ষতি হলে আমাদের মন ব্যাকুল হয়ে ওঠে, তেমনই দেশের যেকোনো প্রান্তেই যখন যুদ্ধ বাধে বা কোনো প্রাকৃতিক বিপর্যয়, অস্থিরতা দেখা দেয়, তখনও আমাদের সকলের উচিত কাঁধে কাঁধ মিলিয়ে সেখানকার মানুষদের পাশে থাকা। স্বাধীনতা তো এসেছে, তাই বলে দেশের সমস্ত সমস্যা মিটেছে এমনটা নয়, তাই যুবসম্প্রদায়কে আমরা এটাই বলব– কঠোর পরিশ্রম করে যেমন নিজের পায়ে দাঁড়াবেন, তেমনই তারপরেই কিন্তু দেশ সেবার কথা ভুলে যাবেন না। আগামী সপ্তাহেই শুভ রাখী পূর্ণিমার উৎসব আসতে চলেছে। সবাইকে 'শিক্ষা চাকরি ও খেলা'-র পক্ষ থেকে আন্তরিক সৌভ্রাতৃত্বের শুভেচ্ছা ও শুভকামনা জানাই।

ইউনিয়ন ব্যাঙ্কে ৩৪৭ অফিসার

১ পাতার পর

সংরক্ষিত। ৮) *ম্যানেজার (চার্টার্ড অ্যাকাউন্টান্ট)* শাখায় শূন্যপদ ১৪টি (অসংরক্ষিত ৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৩, এসটি ২ ও এসসি ২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। ৯) *অ্যাসিস্টান্ট ম্যানেজার (টেকনিক্যাল অফিসার)* শাখায় শূন্যপদ ২৬টি (অসংরক্ষিত ১৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ৪, এসটি ২ ও এসসি ৩)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। ১০) *অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফোরেন্স)* শাখায় শূন্যপদ ১২০টি (অসংরক্ষিত ৬৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৭, ওবিসি ২০, এসটি ৬ ও এসসি ১২)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *১) সিনিয়র ম্যানেজার (রিস্ক)* শাখায় বয়সসীমা ৩০-৪০ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ মাস্টার ডিগ্রি পাশ করতে হবে ম্যাথমেটিক্স/স্ট্যাটিস্টিক্স/ইকোনমিক্স শাখায়। এর সঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনে ক্রেডিট রিস্ক, রিস্ক মডেলিংয়ের কাজে। *২) ম্যানেজার (রিস্ক)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ মাস্টার ডিগ্রি পাশ করতে হবে ম্যাথমেটিক্স/স্ট্যাটিস্টিক্স/ইকোনমিক্স শাখায়। এর সঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনে ক্রেডিট রিস্ক, রিস্ক মডেলিংয়ের কাজে। *৩) ম্যানেজার (সিভিল ইঞ্জিনিয়ার)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক ডিগ্রি পাশ করতে হবে সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায়। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৪) ম্যানেজার (আর্কিটেক্স)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ স্নাতক ডিগ্রি পাশ করতে হবে আর্কিটেকচার শাখায়। অবশ্যই কাউন্সিল অফ আর্কিটেকচার থেকে বৈধ রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। অটোক্যাড সম্পর্কে জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৫) ম্যানেজার (ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক ডিগ্রি পাশ করতে হবে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। সংশ্লিষ্ট শাখায় অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৬) *ম্যানেজার (প্রিন্টিং টেকনোলজিস্ট)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক ডিগ্রি পাশ করতে হবে প্রিন্টিং টেকনোলজিতে। সংশ্লিষ্ট শাখায় অন্তত ৬ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৭) *ম্যানেজার (ফোরেন্স)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে ২ বছর মেয়াদের এমবিএ/পিজিডিবিএ/পিজিডিবিএম/পিজিপিএম/ডিজিডিএম পাশ করতে হবে ফিন্যান্স/ইন্টারন্যাশনাল বিজনেস/ট্রেড ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ। ৮) *ম্যানেজার (চার্টার্ড অ্যাকাউন্টান্ট)* শাখায় বয়সসীমা ২৫-৩৫ বছর। আইটিএআই দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে চার্টার্ড অ্যাকাউন্টেন্সিতে ডিগ্রি পাশ করতে হবে। অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৯) *অ্যাসিস্টান্ট ম্যানেজার (টেকনিক্যাল অফিসার)* শাখায় বয়সসীমা ২০-৩০ বছর। ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ বিই/বিটেক ডিগ্রি পাশ করতে হবে সিভিল/ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/প্রোডাকশন/মেটালার্জি/ইলেকট্রনিক্স/ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/টেক্সটাইল/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায়। ১০) *অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফোরেন্স)* শাখায় বয়সসীমা ২০-৩০ বছর। যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে ২ বছর মেয়াদের এমবিএ/পিজিডিবিএ/পিজিডিবিএম/পিজিপিএম/ডিজিডিএম পাশ করতে হবে ফিন্যান্স/ইন্টারন্যাশনাল বিজনেস/ট্রেড ফিন্যান্সে স্পেশালাইজেশনসহ।

সমস্ত পদের বয়সসীমা ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত হবে ৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.unionbankofindia.co.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৮৫০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি লাগবে না। প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ইউপিএসসিতে ১৫১

১ পাতার পর

করতে হবে ২ সেপ্টেম্বর তারিখের মধ্যে http://www.upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ২ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। প্রার্থী বাছাই হবে অনলাইন রিক্রুটমেন্ট টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। রিক্রুটমেন্ট টেস্টটি হবে দুটি পার্টে। প্রথম পার্টে থাকবে ইংরেজি বিষয় থেকে প্রশ্ন এবং দ্বিতীয় পার্টে থাকবে জেনারেল এবিলিটি থেকে প্রশ্ন। তবে জেনারেল এবিলিটি বলতে এখানে যে বিষয় থেকে প্রশ্ন আসবে সেগুলি হল– ১) প্রিন্সিপ্যাল অফ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ২) প্রিন্সিপ্যাল অফ মার্কেটিং ম্যানেজমেন্ট, ৩) প্রিন্সিপ্যাল অফ অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট, ৪) রাইট টু ইনফরমেশন অ্যাক্ট, ৫) নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড লজিক্যাল রিজনিং, ৬) ফান্ডামেন্টাল অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন, ৭) জেনারেল সায়েন্স, ৮) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ইস্যুজ, ৯) ফ্রিডম মুভমেন্ট অ্যান্ড ইন্ডিয়ান ইউনিয়ন, ১০) কারেন্ট ইভেন্টস অফ ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপরট্যান্টস। পরীক্ষার তারিখ ওয়েবসাইটে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষার কেন্দ্র যে যে জায়গায় পড়বে সেগুলি হল– কলকাতা, ভোপাল, চেন্নাই, দিল্লি, গৌহাটি, নাগপুর, লখ্নৌ, জম্মু, পোর্টব্লেয়ার, আমেদাবাদ, জয়পুর, কোচি, মুম্বই, রাঁচি ও বিশাখাপত্তনমে। আবেদন ফি ২৫ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ুন।

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে ১৬২

১ পাতার পর

গিয়ে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি/আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি ৪৫০ টাকা।

▸ **বয়সসীমা :** ২২ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীর বয়স হতে হবে ৪৫-৫০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** ১) ডেন্টাল হাইজেনিস্ট শাখায় শূন্যপদ ১টি। বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ডেন্টাল হাইজিনে ডিপ্লোমা পাশ করতে হবে। অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা লাগবে। ২) ওয়ার্কার (ফার্মাসি) শাখায় শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক/আইটিআই/ডিপ্লোমা ইন ফার্মাসি (আয়ুর্বেদ) পাশ করতে হবে এবং ২ বছরের কাজের অভিজ্ঞতা লাগবে। ৩) ফিজিওথেরাপিস্ট শাখায় শূন্যপদ ১টি। এমপিটি ডিগ্রি পাশের সঙ্গে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৪) মেডিক্যাল অফিসার (আয়ুর্বেদ) শাখায় শূন্যপদ ৭টি। আয়ুর্বেদের সংশ্লিষ্ট শাখায় এমডি পাশ করতে হবে। ৫) পঞ্চকর্ম বৈদ্য শাখায় শূন্যপদ ৩টি। পঞ্চকর্ম শাখায় এমডি পাশ করতে হবে। ৬) গ্যাস মানিফোল্ড টেকনিশিয়ান শাখায় শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট পাশ অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে আইটিআই ডিপ্লোমা পাশ করতে হবে। ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৭) ওয়ার্ড অ্যাটেন্ডেন্ট শাখায় শূন্যপদ ৩০টি। অষ্টম শ্রেণি পাশের সঙ্গে

এরপর ৪ পাতায়

পাওয়ার গ্রিড কর্পোরেশনে ১৩৭

১ পাতার পর

তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ২৯ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▸ **শূন্যপদ :** *১) ফিল্ড ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)* শাখায় শূন্যপদ ৪৮টি (অসংরক্ষিত ২২, ওবিসি ১২, এসসি ৭, এসটি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪)। *২) ফিল্ড ইঞ্জিনিয়ার (সিভিল)* শাখায় শূন্যপদ ১৭টি (অসংরক্ষিত ৯, ওবিসি ৪, এসসি ২, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *১৩) ফিল্ড সুপারভাইজার (ইলেকট্রিক্যাল)* শাখায় শূন্যপদ ৫০টি (অসংরক্ষিত ২২, ওবিসি ১৩, এসসি ৭, এসটি ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫)। *৪) ফিল্ড সুপারভাইজার (সিভিল)* শাখায় শূন্যপদ ২২টি (অসংরক্ষিত ১১, ওবিসি ১৫, এসসি ৩, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** *ফিল্ড সুপারভাইজার* শাখায় আবেদনের জন্য ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ ৩ বছর মেয়াদের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ করতে হবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায়। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা পাশ মার্ক থাকলেই আবেদনযোগ্য। ডিপ্লোমা ছাড়া বিই/বিটেক পাশ করা প্রার্থীরা এই শাখায় আবেদনযোগ্য নন। *ফিল্ড ইঞ্জিনিয়ার* শাখায় আবেদনের জন্য ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ বিই/বিটেক/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) পাশ করতে হবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায়। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা পাশ মার্ক থাকলেই আবেদনযোগ্য।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ফিল্ড ইঞ্জিনিয়ার শাখায় লিখিত পরীক্ষাটি ২টি বিভাগে হবে। প্রথম বিভাগে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় থেকে ৫০ নম্বরের প্রশ্ন থাকবে।

এরপর ৩ পাতায়

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata - 700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

ইউজিসি নেটের বিজ্ঞপ্তি প্রকাশিত

১ পাতার পর

এবং মিনিস্ট্রি অফ মাইনোরিটি অ্যাফেয়ার্স মন্ত্রকের সংশ্লিষ্ট পদে প্রার্থী নিয়োগ করা হবে। শূন্যপদের বিজ্ঞপ্তি পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। ৫ সেপ্টেম্বরের পরে ৭-১২ সেপ্টেম্বরের মধ্যে প্রার্থী অনলাইনে আবেদন করার সময় কিছু ভুল করে থাকলে তা সংশোধন করতে পারবেন।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** ইউজিসি নেটে আবেদন করার জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতকোত্তর পাশ করতে হবে। ওবিসি, এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ন্যূনতম ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদনযোগ্য। যে যে বিষয়গুলিতে স্নাতকোত্তর পাশ থাকলে আবেদন করা যাবে সেগুলি হল– হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স (বিভিন্ন ল্যাঙ্গুয়েজসহ), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন, ইলেকট্রনিক সায়েন্স, এডুকেশন, আর্কিওলজি, অ্যানথ্রোপলজি, ক্রিমিনোলজি, ডিফেন্স অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিজ, ইকোনমিক্স, ল, লেবার ওয়েলফেয়ার/পার্সোনেল ম্যানেজমেন্ট/ইন্ডাস্ট্রিয়াল রিলেশন/লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স, সাইকোলজি, ফিজিক্যাল এডুকেশন, মিউজিক, যোগা, উম্যান স্টাডিজ, ভিজুয়াল আর্টস (ইনক্লুডিং ড্রয়িং অ্যান্ড পেন্টিং/অ্যাপ্লায়েড গ্রাফিক্স/অ্যাপ্লায়েড আর্ট/হিস্ট্রি অফ আর্ট, সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ, টুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, লিঙ্গুইস্টিক্স, ম্যানেজমেন্ট (ইনক্লুডিং বিজনেস অ্যাডমিন ম্যানেজমেন্ট/মার্কেটিং/মার্কেটিং ম্যানেজমেন্ট/ইন্ডাস্ট্রিয়াল রিলেশন অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্ট/পার্সোনেল ম্যানেজমেন্ট/ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট/কো-অপারেটিভ ম্যানেজমেন্ট), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম ও অন্যান্য বিষয়ে।

▸ **বয়সসীমা :** ইউনিয়ন রিসার্চ ফেলোশিপ পদে আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ অক্টোবর, ২০২১ অনুযায়ী ৩১ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে আবেদনের জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

▸ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষাটি দুটি পেপারে অনুষ্ঠিত হবে। অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। দুটো পেপারেই মোট ৩ ঘণ্টা সময়ের পরীক্ষা নিতে হবে। প্রথম পেপারে থাকবে ৫০টি প্রশ্ন এবং পরীক্ষা হবে ১০০ নম্বরের। দ্বিতীয় পেপারে থাকবে ১০০টি প্রশ্ন এবং পরীক্ষা হবে ২০০ নম্বরের। প্রথম পেপারে থাকবে টিচিং/রিসার্চ অ্যাপ্টিটিউড। এই বিভাগের মধ্যে প্রার্থীর রিজনিং এবিলিটি, রিডিং কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং, জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রার্থীর যোগ্যতা যাচাই করা হবে। দ্বিতীয় পেপারে প্রার্থী যে বিষয়টি বাছাই করেছে সেই উল্লিখিত বিষয়ের ওপর পরীক্ষা নিতে হবে। পরীক্ষার সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে https://www. ugcnetonline.in/syllabus-new.php এই ওয়েবসাইটটি দেখতে হবে। সম্পূর্ণ প্রশ্নপত্র ইংরেজি ও হিন্দি ভাষায় হবে। পরীক্ষাটি অনুষ্ঠিত হবে ৬-১১ অক্টোবর তারিখের মধ্যে। প্রথম শিফটে পরীক্ষা হবে সকাল ৯টা থেকে ১২টা। দ্বিতীয় শিফটে পরীক্ষা হবে দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১০ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর রাত্রি ১১টা ৫০ মিনিট পর্যন্ত প্রার্থীকে আবেদন করতে হবে https://ugcnet.nta.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি এবং ওবিসি প্রার্থীদের আবেদন ফি ৫০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি ২৫০ টাকা। টাকা জমা দেওয়ার শেষ তারিখ ৫ সেপ্টেম্বর, রাত্রি ১১টা ৫০ মিনিট। আবেদনপত্রের ত্রুটি সংশোধনের তারিখ ৭-১২ সেপ্টেম্বর। বিস্তারিত জানতে উল্লিখিত ওয়েবসাইটে চোখ রাখুন।

ইনফ্যান্ট্রি স্কুলে ৭৭

১ পাতার পর

Scrutiny Board, The Infactry School, Mhow (Madhyapradesh)-453441 এবং To, The Presiding Officer, JL Wing, The Infactry School, Bengaum (Karnataka) Station। আবেদনপত্র পাঠাতে হবে ১২ সেপ্টেম্বর তারিখের মধ্যে। প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। অ্যাকাউন্টান্ট পদের জন্য অ্যাকাউন্টসি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে স্নাতক পাশ করতে হবে। স্টেনোগ্রাফার গ্রেড-২, লোয়ার ডিভিশন ক্লার্ক পদের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে টাইপিং দক্ষতা ও স্টেনোগ্রাফি জানতে হবে। বাকি পদগুলিতে মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দেওয়া আছে। বিস্তারিত জানতে আবেদনপত্র ডাউনলোড করতে https://indianarmy.nic.in ওয়েবসাইটটি দেখুন।

কারেন্ট অ্যাফেয়ার্স

৮ পাতার পর

❀ **ন্যান্সি ব্রিফিথ :** প্রয়াত হলেন গ্রামীজন্মী গায়িকা ও গীতিকার ন্যান্সি ব্রিফিথ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর।

১৩ আগস্ট সকালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে তাঁর ম্যানেজমেন্ট সংস্থা গোল্ড মাউন্টেন এন্টারটেনমেন্টের তরফ থেকে ঘোষণা করা হয়। 'লাভ অ্যাট দ্য ফাইভ অ্যান্ড টাইম' এবং 'স্পিড অফ দ্য সাউন্ড অফ লোনলিনেস' এর গায়িকা হিসাবে তিনি কিংবদন্তী হয়ে থাকবেন। উল্লেখ্য, তাঁর মৃত্যুর কারণ এখনও পর্যন্ত জানা যায়নি।

❀ **চিন্ময় চট্টোপাধ্যায় :** ভারতের বিশিষ্ট প্রাক্তন আন্তর্জাতিক ফুটবলার চিন্ময় চ্যাটার্জি প্রয়াত হলেন। তিনি ১৯৭০-৮০ এর দশকে মোহনবাগান, ইস্টবেঙ্গল ও মহামেডান– ৩টি হেভিওয়েট দলের হয়ে খেলেছিলেন। ১৯৭৮ ব্যাঙ্কক এশিয়ান গেমসে ভারতীয় দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন তিনি যেখানে তারা চতুর্থ স্থান অর্জন করেছিলেন। চিন্ময় চ্যাটার্জি ঘরোয়া ফুটবলে মোহনবাগান, ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং ক্লাবের হয়ে সুনামের সঙ্গে খেলেছিলেন। তিনি চারবার সন্তোষ ট্রফিতে বাংলার হয়ে প্রতিনিধিত্ব করেন। এর মধ্যে তিনবার চ্যাম্পিয়ন হন।

অর্থনীতি, ব্যাঙ্কিং ও ব্যাবসা-বাণিজ্য

❑ **জুলাইতে খুচরো মূল্যবৃদ্ধি কমে ৫.৫৯% :** মূলত খাবারের দাম হ্রাস পাওয়ার দরুন জুলাই মাসে খুচরো মূল্যবৃদ্ধি কমে ৫.৫৯% হয়েছে। 'কনজিউমার প্রাইস ইনডেক্স' অনুযায়ী ২০২০ সালের জুন মাসে ৬.২৬% এবং জুলাই মাসে ৬.৭৩% ছিল মুদ্রাস্ফীতি। ফুড মার্কেটে মুদ্রাস্ফীতি জুলাই মাসে হ্রাস পেয়ে ৩.৯৬% হয়েছে যা তার আগের মাসে ৫.১৫% ছিল।

ভারতীয় সেনায় ৪০

১ পাতার পর

কম্পিউটার টেকনোলজি/এমএসসি কম্পিউটার সায়েন্স শাখায় ৮টি, ৬) ইনফরমেশন টেকনোলজিতে ৩টি, ৭) ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, ৮) টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ৯) ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১০) মাইক্রো ইলেকট্রনিক্স অ্যান্ড মাইক্রো ওয়েভ ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১১) অ্যারোনটিক্যাল অ্যান্ড এয়ারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১২) অ্যাভিয়োনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১৩) ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ২টি, ১৪) ফাইবার অপটিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১৫) প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ১টি, ১৬) ইন্ডাস্ট্রিয়াল / ম্যানুফ্যাকচারিং/ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিংয়ে ১টি ও ১৭) ওয়ার্কশপ টেকনোলজিতে ১টি শূন্যপদ সংরক্ষিত।

▸ **বয়সসীমা :** ১ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ২০-২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২ জানুয়ারি, ১৯৯৫ থেকে ১ জানুয়ারি, ২০০২ তারিখের মধ্যে।

▸ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বিই/বিটেক ডিগ্রি পাশ করতে হবে। ফাইনাল ইয়ার পাঠরত প্রার্থীরাও আবেদন করতে পারেন তবে, ১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে সম্পূর্ণ রেজাল্ট হাতে পেতে হবে।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৫ সেপ্টেম্বর বিকেল ৩টের মধ্যে প্রার্থীকে আবেদন করতে হবে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে গিয়ে। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে গৃহীত ইন্টারভিউয়ের দ্বারা। ইন্টারভিউটি অনুষ্ঠিত হতে স্টেজ-১ ও স্টেজ-২ ধাপে। স্টেজ-১ ধাপটি প্রথম দিন অনুষ্ঠিত হবে। স্টেজ-১ ধাপে প্রার্থী ব্যর্থ হলে সেদিনকেই তাকে বাড়ি ফিরে যেতে বলা হবে। কিন্তু এই ধাপে উত্তীর্ণ হলে আরও ৪ দিন ইন্টারভিউ কেন্দ্রে থাকতে হবে স্টেজ-২ ধাপটিতে বসবার জন্য। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীকে মেডিক্যাল এক্সামিনেশনে ডাকা হবে। এছাড়া আরও বিস্তারিত জানতে উল্লিখিত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

পাওয়ার গ্রিড কর্পোরেশনে ১৩৭

২ পাতার পর

এই বিভাগের নাম টেকনিক্যাল নলেজ টেস্ট। দ্বিতীয় বিভাগে অ্যাপ্টিটিউড টেস্টে থাকবে ২৫ নম্বরের প্রশ্ন লজিক্যাল রিজনিং, ডেটা এন্টারপ্রিটেশন, কম্প্রিহেনশন, ভোকাবোলারি, ডেটা সাফিসিয়েন্সি অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি। ফিল্ড সুপারভাইজারেও ওই একই ধরনের পরীক্ষা হবে। পাশ মার্ক ৪০ শতাংশে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা ৩০ শতাংশে নম্বর পেলেই উত্তীর্ণ বলে গণ্য হবে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন। বিজ্ঞপ্তি নম্বর : CC/02/2021।

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

₹ 400

₹ 100

₹ 230

₹ 100

₹ 40

₹ 35

₹ 5

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই'র সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

◆ ব্যাঙ্ক অফ ইন্ডিয়াতে এইট পাশে নিয়োগ চলছে কি? আমি বাংলায় স্নাতক পাশ করে এখন সরকারি চাকরির জন্য পড়াশোনা করছি। এই ব্যাঙ্কে আমার যোগ্যতায় কি আবেদন করা যাবে?

তমাল ভুঁইঞা, মাকেরগ্রাম, উঃ ২৪ পরগনা

☞ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আগ্রা জোন প্রাথমিকভাবে ২ বছরের চুক্তিতে সংস্থার মইনপুরি, ফারুখাবাদ ও কনৌজে ফ্যাকাল্টি, অফিস অ্যাসিস্ট্যান্ট, ওয়াচম্যান কাম গার্ডেনার, অফিস অ্যাটেন্ডেন্ট পদে ২১ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। মইনপুরিতে ফ্যাকাল্টি শাখায় ২টি, অফিস অ্যাসিস্ট্যান্ট শাখায় ২টি, অফিস অ্যাটেন্ডেন্ট শাখায় ১টি, ওয়াচম্যান কাম গার্ডেনার শাখায় ২টি। কনৌজে ফ্যাকাল্টি শাখায় ২টি, অফিস অ্যাসিস্ট্যান্ট শাখায় ২টি, অফিস অ্যাটেন্ডেন্ট শাখায় ১টি, ওয়াচম্যান কাম গার্ডেনার শাখায় ২টি। ফারুখাবাদে ফ্যাকাল্টি শাখায় ২টি, অফিস অ্যাসিস্ট্যান্ট শাখায় ২টি, অফিস অ্যাটেন্ডেন্ট শাখায় ১টি, ওয়াচম্যান কাম গার্ডেনার শাখায় ২টি শূন্যপদ সংরক্ষিত। ফ্যাকাল্টি শাখায় মাসিক বেতন ২০ হাজার টাকা, অফিস অ্যাসিস্ট্যান্ট মাসিক বেতন ১৫ হাজার টাকা, অফিস অ্যাটেন্ডেন্ট শাখায় মাসিক বেতন ৮ হাজার টাকা এবং ওয়াচম্যান কাম গার্ডেনার শাখায় মাসিক বেতন ৫ হাজার টাকা। ফ্যাকাল্টি শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাশের সঙ্গে কোনো ভোকেশনাল কোর্সে সংশ্লিষ্ট ডিপ্লোমা পাশ করে থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়সসীমা ২৫-৬৩ বছরের মধ্যে হতে হবে। অফিস অ্যাসিস্ট্যান্ট শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাশের সঙ্গে কম্পিউটারে মাইক্রোসফট অফিসে কাজ জানতে হবে। বয়সসীমা ১৮-৪৫ বছর। অফিস অ্যাটেন্ডেন্ট শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে প্রার্থীকে নির্দিষ্ট জায়গায় অর্থাৎ যেখানের হয়ে সে আবেদন করছে সেখানকার স্থানীয় ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। বয়সসীমা ১৮-৬৩ বছর। ওয়াচম্যান কাম গার্ডেনার শাখায় আবেদনের জন্য অষ্টম শ্রেণি পাশের সঙ্গে এগ্রিকালচার/গার্ডেনিং/হর্টিকালচার বিষয়ে নলেজ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়সসীমা ১৮-৬৩ বছর। সমস্ত পদের বয়সসীমা ৩১ মার্চ, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। যে পদের হয়ে আপনি আবেদন করতে চান সে পদের হয়ে আবেদনপত্র যথাযথভাবে ফিল-আপ করে পাঠিয়ে দিতে হবে ৩১ আগস্ট বিকেল ৪টের মধ্যে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে www.bankofindia.co.in ওয়েবসাইটের 'career' অপশন থেকে। পাঠাতে হবে এই ঠিকানায়– The Zonal Manager, Bank of India, Agra Zonal Office, 1st Floor, LIC Building, Sanjay Palace, Agra-282002। সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে ভালো করে পড়ে নেবেন আবেদন করার আগে।

ইনকাম ট্যাক্স

◆ ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্টে মাধ্যমিক যোগ্যতায় কি পদে আবেদন গ্রহণ চলছে? আমি আবেদন করতে চাই। দয়া করে বিশদে জানাবেন।

কল্যাণ বিশ্বাস, সিমুরালি

☞ কেন্দ্রীয় সরকারের অধীনস্থ অফিস অফ দ্য প্রিন্সিপাল চিফ কমিশনার অফ ইনকাম ট্যাক্স (লক্ষ্ণৌ) – ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় ২৮ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আপনার প্রশ্নানুযায়ী মাধ্যমিক পাশ যোগ্যতায় এখানে আবেদন করা যাবে তবে, এই নিয়োগ হবে স্পোর্টস কোটায়। অর্থাৎ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রায় ৬৪টি ক্রীড়া বিভাগের মধ্যে যেকোনোটিতে জাতীয় বা আন্তর্জাতিক স্তরে ভালো পারফরম্যান্স করে থাকতে হবে। আপনার খেলাধুলা সম্পর্কিত কোনো যোগ্যতা আছে কিনা জানাবেন। এখানে প্রতিটি পদেরই শিক্ষাগত যোগ্যতা জানিয়ে দেওয়া হল। ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স শাখায় শূন্যপদ ৩টি। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। বয়সসীমা ১৮-৩০ বছর। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট শাখায় শূন্যপদ ১৩টি। এই পদের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। মাল্টি টাস্কিং শাখায় শূন্যপদ ১২টি। এই পদের জন্য স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ করতে হবে। উপরিউক্ত দুটি পদে বয়সসীমা ১৮-২৭ বছর। শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। ক্রীড়া বিভাগে কতগুলি শাখার জন্য প্রার্থীরা আবেদন করতে পারবেন তা জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিতে হবে। আবেদন করতে হবে ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে মধ্যে। আবেদন পত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। সেটি ডাউনলোড করে প্রিন্টআউট বের করতে হবে www.incometaxindia.gov.in ওয়েবসাইট থেকে। আবেদনপত্রটি এরপর যথাযথভাবে ফিল-আপ করে সমস্ত শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্র, আইডি প্রুফ, সংশ্লিষ্ট ক্রীড়া শাখায় প্রাপ্ত সার্টিফিকেট ইত্যাদির স্বপ্রত্যয়িত ফটোকপিসহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– To, The Income Tax Officer (Hq) (Admn.), Office of the Principal Commissioner of Income Tax, UP (East), Aaykar Bhawan, 5, Ashok Marg, Lucknow-226001। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

রাইটস লিমিটেড

◆ ২০২০ সালে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বিটেক পাশ করেছি একটি বেসরকারি কলেজ থেকে। এখন পুণেতে একটি কোম্পানিতে ট্রেনি হিসাবে জয়েন করেছি এই বছর ফেব্রুয়ারি মাসে। আমি কি রাইটস লিমিটেডে আবেদন করতে পারব? আমার মোট ৭৩% নম্বর আছে।

আলিম শেখ, বাজেল, হুগলি

☞ কেন্দ্রীয় রেলমন্ত্রকের অধীনস্থ মিনিরত্ন পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ 'রাইটস লিমিটেড' সিভিল, মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ইঞ্জিনিয়ার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এটি কোনো চুক্তিভিত্তিক নিয়োগ নয়। নিয়োগ করা হবে ৪৮ জনকে। ইলেকট্রিক্যাল শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ১, এসসি ১)। ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় অন্তত ৬০% নম্বরসহ বিই/বিটেক/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) পাশের সঙ্গে অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন এক্সপিরিয়েন্স থাকতে হবে। আপনার শিক্ষাগত যোগ্যতা প্রয়োজনীয় থাকলেও কাজের অভিজ্ঞতা সংশ্লিষ্ট যোগ্যতার সঙ্গে মিলছে না। বয়সসীমা ৩২ বছর। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী বিবেচিত হবে। আবেদনের শেষ তারিখ ২৫ আগস্ট। আবেদন করতে হবে http://www.rites.com ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৬০০ টাকা। আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি/এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি ৩০০ টাকা। আপনি এখন আবেদন করতে ও লিখিত পরীক্ষাতে বসতেও পারবেন। যদি উত্তীর্ণ হন সেক্ষেত্রে ইন্টারভিউয়ে আপনার পারফরম্যান্স অনুযায়ী কাজের অভিজ্ঞতাকে গুরুত্ব দেওয়া হবে।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিংয়ে ১৬২

২ পাতার পর

কোনো হসপিটাল বা নার্সিংহোমে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৮) সিএসএফডি অ্যাটেন্ডেন্ট শাখায় শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই পাশ ও ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৯) লন্ড্রি সুপারভাইজার শাখায় শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ১০) যোগা থেরাপিস্ট শাখায় শূন্যপদ ১টি। যোগা শাখায় এমএসসি/পিজি ডিপ্লি পাশ করতে হবে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ। অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ১১) পঞ্চকর্ম অ্যাটেন্ডেন্ট শাখায় শূন্যপদ ১১টি। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট শাখায় সার্টিফিকেট পেতে হবে এবং অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো হসপিটালে। ১২) পঞ্চকর্ম টেকনিশিয়ান শাখায় শূন্যপদ ৭টি। মাধ্যমিক পাশের সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা অথবা, উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট শাখায় এক বছরের ডিপ্লোমা পাশসহ এক বছরের কজের অভিজ্ঞতা থাকতে হবে। ১৩) মিড ওয়াইফ শাখায় শূন্যপদ ৪টি। নার্সিংয়ে বিএসসি পাশের সঙ্গে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো হসপিটাল বা নার্সিংহোমে। ১৪) অপারেশন থিয়েটার নার্স শাখায় শূন্যপদ ৩টি। নার্সিংয়ে বিএসসি পাশের সঙ্গে কোনো হসপিটালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ১৫) স্টাফ নার্স শাখায় শূন্যপদ ৫০টি। নার্সিংয়ে বিএসসি/এমএসসি পাশের সঙ্গে ১ থেকে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো হসপিটাল বা নার্সিংহোমে। ১৬) অ্যাটেন্ডেন্ট (ব্লাড ব্যাঙ্ক) শাখায় শূন্যপদ ৩টি। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১৭) ল্যাব অ্যাটেন্ডেন্ট শাখায় শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১৮) ওটি অ্যাসিস্ট্যান্ট (ল্যাপারোস্কপি/কোলোনোস্কপি) শাখায় শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ডিপ্লোমা পাশ করতে হবে। ওটি অ্যাসিস্ট্যান্ট হিসেবে ল্যাপারোস্কপিক সার্জারি/এন্ডোস্কপিতে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা আবশ্যক। বাকি পদগুলি সম্পর্কে বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021 *	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO/MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO/MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
MTS Tier-II Exam 2021	21.11.2021	www.ssc.nic.in
SSC GD Constable, 2020	02-25.08.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO/MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO/MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18/2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10/2019) Result	
Company Prosecutor (Advt. 06/2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WBCS 2019 Group-C Main Result	www.wbpsc.gov.in
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20/2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

জীবন গড়ার ১০০ বছর

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST * ডট নেট টেকনোলজি

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সামান্য

*Scan QR code for more details

ডাটা সায়েন্স
